গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি তথ্য সার্ভিস
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.ais.gov.bd

স্মারক নং ১২.০৫.০০০০.০১১.২৬.০০২.২২.১৩৫৪ তারিখঃ ০৯/০৪/২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা এর অধীন রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত পদসমূহ অস্থায়ীভাবে পূরণ করার নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রম. | পদের নাম এবং জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতন স্কেল | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | এ্যাসিসটেন্ট এডিটর/ সহকারী সম্পাদক (গ্রেড-১২) টাঃ ১১,৩০০-২৭,৩০০/- | ৩২ বৎসর | ০১ (এক) | স্নাতক/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ Journalism এবং literary অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২ | কম্পোজিটর (গ্রেড-১৬) টাঃ ৯,৩০০-২২,৪৯০/- | ৩২ বৎসর | ০১ (এক) | এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ যেকোন Renowned প্রেসে ২ বছরের কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। অসাধারণ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা এবং বয়স শিথিলযোগ্য। |
| ৩ | ক্যাশিয়ার কাম একাউন্টেন্ট (গ্রেড-১৬) টাঃ ৯,৩০০-২২,৪৯০/- | ৩২ বৎসর | ০১ (এক) | এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা এবং সরকারি বিধি অনুযায়ী সিকিউরিটি বন্ড প্রদানের সামর্থ্য থাকতে হবে। |
| ৪ | প্রুফরিডার (গ্রেড-১৬) টাঃ ৯,৩০০-২২,৪৯০/- | ৩২ বৎসর | ০২ (দুই) | এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ যেকোন Renowned প্রেসে ২ বছরের কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। অসাধারণ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা এবং বয়স শিথিলযোগ্য। |
| ৫ | ডেসপাচার /প্রেরক (গ্রেড-১৬) টাঃ ৯,৩০০-২২,৪৯০/- | ৩২ বৎসর | ০২ (দুই) | এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ৬ | পেইন্টার (গ্রেড-১৬) টাঃ ৯,৩০০-২২,৪৯০/- | ৩২ বৎসর | ০১ (এক) | এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ ২ বছরের কমার্শিয়াল আর্ট এবং পেইন্টিং কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অসাধারণ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |
| ৭ | কার্পেন্টার (গ্রেড-১৬) টাঃ ৯,৩০০-২২,৪৯০/- | ৩২ বৎসর | ০১ (এক) | ৮ম শ্রেণী/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত প্রতিষ্ঠান হতে কার্পেন্টার হিসেবে ট্রেড কোর্সের সনদসহ দুই বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৮ | ডার্করুম সহকারী (গ্রেড-১৮) টাঃ ৮,৮০০-২০,০১০/- | ৩২ বৎসর | ০১ (এক) | এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ যে কোন Renowned সরকারি/আধা-সরকারি প্রতিষ্ঠানে অথবা স্বীকৃত প্রতিষ্ঠানে ৩ বছরের কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অসাধারণ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |

## নিয়োগের শর্তাবলীঃ

১। বর্ণিত নির্ধারিত ছক মোতাবেক পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা বরাবরে আবেদনপত্র আগামী ০৪ মে ২০২৫ খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে সরকারী রেজিস্টার্ড ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি হাতে হাতে বা অন্য কোনভাবে আবেদনপত্র গ্রহণ করা হবে না। উক্ত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। **আবেদন ফরম (www.ais.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।**

**২। কৃষি তথ্য সার্ভিসের ৩০ মে ২০২৪খ্রি. তারিখের ১২.০৫.০০০০.০১১.২৬.০০২.২২.২১৩২ স্মারক ও ১৯ আগস্ট ২০২৪খ্রি. তারিখের ১২.০৫.০০০০.০১১.২৬.০০২.২২.১০৮ নং স্মারক জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

৩। পূরণকৃত Application Form-সহ আবেদনে উল্লেখিত সকল যোগ্যতার কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে। ক) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্রের নাগরিকত্ব সনদপত্রের মূল কপি খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (অ) শিক্ষাগত যোগ্যতা এবং প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার ও কম্পিউটার/সাঁটলিপি বিষয়ে প্রশিক্ষণের সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি (আ) সদ্য তোলা রঙ্গিন ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (ই) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি (ঈ) মুক্তিযোদ্ধা/ বীরাঙ্গনা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার মূল সনদের সত্যায়িত ফটোকপি এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারী প্রার্থীদের স্ব-স্ব কোটার স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ বা প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি ও (উ) চারিত্রিক সনদপত্র। প্রচলিত নিয়োগবিধি/কোটা সংক্রান্ত সরকারের বিধি/আদেশ যথাযথভাবে অনুসরণ করা হবে এবং উল্লিখিত পদের জন্য বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণ-যোগ্য হবে না।

৪। প্রার্থীর বয়সসীমা ১৩/০৪/২০২৫ খ্রি. তারিখে ১৮-৩২ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৫। সরকারি/আধা-সরকারি সংস্থা ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। এক্ষেত্রে প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূলকপি জমা দিতে হবে।

৬। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন/পরিবর্তন সাধিত হলে তা অনুসরণ করা হবে।

৭। বাছাই/লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টি.এ. /ডি.এ. প্রদান করা হবেনা।

৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে এবং সত্যায়িত ১ (এক) সেট দাখিল করতে হবে।

৯। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫ এর অনুকূলে বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকে ট্রেজারী চালানের মাধ্যমে গ্রেড-১২ পদের প্রার্থীদেরকে টা: ১৫০/- (একশত পঞ্চাশ), গ্রেড-১৬ পদের প্রার্থীদেরকে টা: ১০০/- (একশত) এবং গ্রেড-১৮ পদের প্রার্থীদেরকে টা: ৫০/- (পঞ্চাশ) মাত্র ১৪৩০৪০১১২২৮১৭-১৪২২৩২৬ নম্বর কোডে জমাদানপূর্বক চালানের মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১০। কোনো প্রার্থী একই পদে একবারের বেশি আবেদন করতে পারবেন না। একই পদে একই প্রার্থীর একাধিক আবেদন পাওয়া গেলে তার প্রার্থীতা বাতিল হবে।

১১। যোগাযোগের প্রয়োজনে প্রার্থীর নাম ও বর্তমান ঠিকানা উল্লেখ্য পূর্বক ২০ (বিশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেট যুক্ত ০২ (দুই) টি ৯.৫X৪.৫ ইঞ্চি সাইজের ফেরত খাম দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।

১২. খামের উপর মোটা অক্ষরে পদের নাম ও কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্টাক্ষরে লিখতে হবে। লিখিত পরীক্ষার তারিখ পরবর্তীতে প্রাথমিক বাছাইয়ে যোগ্য বিবেচিত প্রার্থীগণকে বর্তমান ঠিকানায় (আবেদন পত্রের সাথে সংযুক্ত ঠিকানায় লিখিত খামে) ডাকযোগে প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে।
১৩। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ঘষামাজা, ভুল তথ্য সম্বলিত আবেদন পত্র কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল হবে।
১৪। প্রার্থী কর্তৃক দাখিলকৃত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যেকোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদন/নির্বাচন/নিয়োগ আদেশ বাতিলসহ তার বিরুদ্ধে বাংলাদেশের প্রচলিত আইনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। যে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১৬। আবেদনপত্র বাছাই ও প্রার্থী নিয়োগের ক্ষেত্রে নিয়োগ কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত হবে।

১৭। এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থিত পদে নিয়োগ প্রদান করিতে বাধ্য থাকবে না।

১৮। প্রয়োজনে এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন, পরিবর্ধন, বাতিল ও বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত গণ্য হবে।

স্বাক্ষরিত
(মোঃ মসীহুর রহমান)
পরিচালক
কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা।

জি-৫২৪/২৫ (১৩"x ৪)